গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ...... ৩

প্রস্তাবনা ...... ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ...... ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ...... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ...... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ...... ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ...... ১৬

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ...... ২০

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ...... ২১

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সমবায়কে উন্নয়নমুখী, টেকসই এবং নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে সমবায় অধিদপ্তর তার চলমান কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে সাফল্য অর্জন করেছে। এর মধ্যে নতুন নতুন উৎপাদনমুখী সমবায় সংগঠন তৈরি, সমবায় উদ্যোক্তা সৃষ্টি ও সমবায় সমিতি আইন, ২০০১ এর অধিকতর সংশোধনের জন্য খসড়া আইন প্রণয়ন এবং সমবায় সমিতি বিধিমালা (সংশোধিত)-২০২০ উল্লেখযোগ্য। বিগত তিন অর্থবছরে মোট ১৪ হাজার ৭০২ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে, প্রায় ২২ লক্ষ ৩৪ হাজার নতুন জনগোষ্ঠীকে সমবায় সংগঠনের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং টেকসই সমবায় গঠনের নিমিত্ত ২২ হাজার ৭৯০ জন ব্যক্তিকে সমবায় ব্যবস্থাপনা ও আয়বর্ধনমূলক প্রশিক্ষণ এব প্রায় ১ লক্ষ জনকে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সমবায় সমিতিসমূহের মোট সম্পদের পরিমাণগত ৯৩৯৯ কোটি ৫২ লক্ষ টাকা থেকে বৃদ্ধি পেয়ে মোট ১১৩৯৪ কোটি ৩৩ লক্ষ টাকায় পৌঁছেছে। সমবায় সমিতিগুলোর নিজস্ব পুঁজি বিনিয়োগ ও সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে প্রায় ২ লক্ষ ১০ হাজার জনের আত্ম-কর্মসংস্থান সুযোগ সৃষ্টি করা হয়েছে এবং নিরীক্ষা ফি বাবদ ১০ কোটি ৮৪ লক্ষ টাকা এবং নিবন্ধন ফি বাবদ ৩৪ লক্ষ ৮২ হাজার টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

একটি উন্নয়নশীল দেশের প্রেক্ষাপটে সমবায় অধিদপ্তরের সমস্যা ও চ্যালেঞ্জ বহুবিধ। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরি হওয়া বৈচিত্রময় কার্যক্রমে নিয়োজিত ১ লক্ষ ৮৮ হাজার সমবায় সমিতিকে নিবিড়ভাবে মনিটরিং করা এবং সমবায় সদস্যদেরকে দক্ষ হিসেবে গড়ে তোলাই অন্যতম চ্যালেঞ্জ। এ সেক্টরে আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকরণও বড় চ্যালেঞ্জ হিসেবে পরিগণিত। বিদ্যমান সমবায় সমিতির মধ্যে একটি বড় সংখ্যক সমবায় অকার্যকর। অকার্যকর হয়ে পড়া সমবায়কে কাযকর করা অথবা বাতিল করা, জনবল অপ্রতুলতা, অবকাঠামো ও মানব সম্পদ উন্নয়নে উপযুক্ত পরিকল্পনার অভাব অধিদপ্তরের অন্যতম সমস্যা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে ২০২৫ সালের মধ্যে প্রায় এক লক্ষ প্রান্তিক জনগোষ্ঠীকে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করার উদ্যোগ নেওয়া হবে। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণের জন্য সমবায়ীদের উপর্যুক্ত প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ এবং সমবায় বাজারকে ই-কমার্স প্লাটফর্ম বাস্তবায়ন করা হবে। এছাড়া আগামী ২০২৬ সালের মধ্যে দেশের ৩৫টি উপজেলায় দুগ্ধ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করে তোলার কার্যক্রম এগিয়ে নেয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়াও ২০২৫ সালের মধ্যে নির্বাচনী ইশতেহার ২০১৮ এ বিশেষ অঙ্গীকার 'আমার গ্রাম আমার শহর' বাস্তবায়নের লক্ষ্যে গ্রামের বৈশিষ্ট্য সমুন্নত রেখে প্রাথমিকভাবে পাইলট প্রকল্প হিসেবে ১০টি গ্রামে গ্রামীণ সম্পদের সুষ্ঠু ও সুষম ব্যবহার নিশ্চিত করা, গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টি, আইলবিহীন ও যৌথ চাষাবাদ ব্যবস্থার প্রচলন, কৃষির আধুনিকায়ন ও যান্ত্রিকীকরণের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি, যোগাযোগ ও বাজার অবকাঠামো সৃষ্টি, স্বাস্থ্য শিক্ষার মানান্নোয়নের লক্ষ্যে কমিউনিটি সচেতনতা বৃদ্ধি, তথ্য প্রযুক্তি অবকাঠামো সৃষ্টির মাধ্যমে সেবা সহজলভ্য করা ইত্যাদি বিষয়কে অন্তর্ভুক্ত করে শহরমুখী স্থানান্তরের প্রবনতা হ্রাসের মাধ্যমে আধুনিক ও উন্নত গ্রাম সৃষ্টি করার উদ্যোগ গ্রহণ করা হবে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রায় ৬০,০০০ কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন;
- প্রায় ৪৪০০ জন সমবায়ীকে হিসাব সংরক্ষণ, সমবায় ব্যবস্থাপনা ও আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান;
- প্রায় ৮ কোটি টাকা নিরীক্ষা ফি এবং সিডিএফ ফি আদায়;
- সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের পদায়ন নীতিমালা-২০০৮ হালনাগাদকরণ;

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ....জুন..... মাসের ....২৬...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;

২. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি;

৩. সমবায়ের প্রচার ও উন্নয়ন প্রকল্প ;

৪. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও স্মার্ট উদ্যোক্তা সৃজন;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. দেশের সকল জনগোষ্ঠীকে সমবায় আদর্শে/দর্শনে উদ্বুদ্ধকরণ;

২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;

৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;

৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;

৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;

৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;

৮. সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;

৯. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| ২০২৫ সালের মধ্যে সদস্যভুক্তকরণ (ক্রমপুঞ্জিত) | [১,১,১] [১,১,২] [১,১,৩] | জন (লক্ষ) | ৯৪.২৬ | ৯৪.৫০ | ৯৫.০০ | ৯৬.০০ | ৯৭.০০ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পানি উন্নয়ন বোর্ড, বার্ড, আরডিএ, মিল্ক ভিটা, প্রধানমন্ত্রীর কার্যালয়, কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প-২০৪১, নির্বাচনী ইশতেহার, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, জাতীয় সমবায় নীতি,২০১২ |
| ২০২৫ সালের মধ্যে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক মোট সদস্যের বিপরীতে আত্ম-কর্মসংস্থানের হার | [১,২,১] [৪,১,১] [১,৭,২] [১,৭,১] [১,৩,১] [১,৬,১] | % | ৯.২৪% (৮৩১৬০০) | ১১.৫০% (১০৮৬৭৫০) | ১১.৮০ (১১২১০০০) | ১২.০০% (১১৫২০০০) | ১২.১০% (১১৭৩৭০০) | মহিলা বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প-২০৪১, নির্বাচনী ইশতেহার, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, জাতীয় সমবায় নীতি,২০১২ |
| ২০২৫ সালের মধ্যে নারীর সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়নের হার (মোট সদস্যের বিপরীতে) | [১,১,১] [১,১,২] [১,১,৩] | % | ২০.৯১% (১৮৮২৯৫৮) | ২২.৬০% (২১৩৫৭০০) | ২২.৯৫% (২১৮০২৫০) | ২৩.১০% (২২১৭৬০০) | ২৩.২০% (২২৫০৪০০) | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, এলজিইডি, বিআরডিবি, প্রধানমন্ত্রীর কার্যালয় ও কাল্ব | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প-২০৪১, নির্বাচনী ইশতেহার, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, জাতীয় সমবায় নীতি,২০১২ |
| ২০২৫ সালের মধ্যে প্রশিক্ষণের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষ জনবলের সংখ্যা | [২,১,১] [২,১,৩] [৪,১,১] [৪,৩,১] | জন | ৩৯২৯৬ | ৭৮৫৯২ | ৮০৮০০ | ৮১০০০ | ৮২০০০ | বাংলাদেশ সমবায় একাডেমি,কুমিল্লা, কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প-২০৪১, নির্বাচনী ইশতেহার, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, জাতীয় সমবায় নীতি,২০১২ |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন; | ২৩ | [১.১] নিবন্ধন | [১.১.১] সমবায় সমিতির নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [১.১.২] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ০.৫১ | ০.২৫ | ০.৩০ | ০.২৫ | | | | ০.৩৪ | ০.৩৬ |
| | | [১.২] প্রকল্পের সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | [১.২.১] দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | সমষ্টি | জন (লক্ষ) | ১ | ০.০২৮ | ০.০৪৪ | ০.০৫২ | ০.০৪৭ | | | | ০.০৩৮৯২ | ০.০৪৭০৮ |
| | | [১.৩] প্রকল্প হতে ঋণ বিতরণ ও আদায় | [১.৩.১] বিতরণকৃত ঋণ গ্রহীতা | সমষ্টি | জন (লক্ষ) | ১ | ০.০২৫ | ০.০১৩১২ | ০.০২০৮৩ | ০.০১৮৭৫ | | | | ০.০২২৫ | ০.০১৫০৪ |
| | | | [১.৩.২] ঋণ আদায়ের হার | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ০ | ০ | ৯০ | ৮০ | | | | ৯২ | ৯৫ |
| | | [১.৪] তদারকি ও মানোন্নয়ন | [১.৪.১] নিরীক্ষা ফি আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ৯৯.৭১ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [১.৪.২] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯২ | | | | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | [১.৪.৩] কার্যকর সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠিত/ অন্তবর্তী কমিটি গঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৯৬ | ৮৯ | ৯০ | ৮০ | | | | ৯২ | ৯৪ |
| | | | [১.৪.৪] এজিএম সম্পন্ন না হওয়া নিরীক্ষিত সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৮৯ | ৯০ | ৯০ | ৮০ | | | | ৯২ | ৯৪ |
| | | | [১.৪.৫] চিহ্নিত অকার্যকর সমিতির বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৭০ | ৬০ | | | | ৭৫ | ৮০ |
| | | [১.৫] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [১.৫.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ | সমষ্টি | জন | ২ | ২৫৭৭৮ | ৪৫০০০ | ৪৬০০০ | ৪০০০০ | | | | ৫০০০০ | ৫৫০০০ |
| | | [১.৬] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়েগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান | [১.৬.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন (লক্ষ) | ২ | ০.৭০ | ০.৬৮ | ০.৭০ | ০.৬৫ | | | | ০.৬৯ | ০.৭১ |
| | | [১.৭] তরল দুধ সংগ্রহ | [১.৭.১] সংগৃহীত তরল দুধ | সমষ্টি | লিটার (লক্ষ) | ১ | ২৯০ | ২৯৫ | ৩০০ | ২৮০ | | | | ৩০২ | ৩০৩ |
| [২] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি; | ২১ | [২.১] মানব সম্পদ উন্নয়ন | [২.১.১] কর্মকর্তা-কর্মচারিদের এপিএ/আইন ও বিধি/মামলা পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ প্রদানকৃত | সমষ্টি | জন | ৪ | ৩৩৩ | ৪৫০ | ৪৬০ | ৪০০ | | | | ৪৭০ | ৫০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | [২.১.২] কর্মকর্তা- কর্মচারিগণের পদোন্নতি প্রদানকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ২৫ | ২৫ | ৩০ | ২৫ | | | | ৩৫ | ৪০ |
| | | | [২.১.৩] প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ প্রদানকৃত | সমষ্টি | জন | ৪ | ২০৯৫ | ১৭২৫ | ১৮৫০ | ১৬৫০ | | | | ১৯০০ | ২০০০ |
| | | | [২.১.৪] জনবল নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষা গ্রহণকৃত ও ফলাফল প্রকাশিত | তারিখ | তারিখ | ২ | | | ৩০.০৬.২৫ | | | | | ৩০.০৬.২৬ | ৩০.০৬.২৭ |
| | | | [২.১.৫] সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারি পদায়ন নীতিমালা-২০০৮ হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ২ | | | ৩০.০৯.২৪ | ৩০.১০.২৪ | | | | | |
| | | [২.২] কর্মকর্তা-কর্মচারিদের সক্ষমতা উন্নয়নে উদ্যোগ গ্রহণ | [২.২.১] ১০ম গ্রেড ও তদনিম্ন কর্মচারিদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টা প্রশিক্ষিত কর্মচারির সংখ্যা | সমষ্টি | জন | ২ | | | ৪০ | ৩০ | | | | ৫০ | ৬০ |
| | | | [২.২.২] নবম ও তদূর্ধ গ্রেডের কর্মচারীদের জন্য সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত লার্নিং সেশন | সমষ্টি | সংখ্যা | ১ | ৬ | ৫ | ৫ | ৪ | | | | ৬ | ৭ |
| | | | [২.২.৩] আয়োজিত সেমিনার/কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৬ | ১৭ | ১৮ | ১৫ | | | | ১৯ | ২০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৩] রাজস্ব আদায় নিশ্চিতকরণ | [২.৩.১] এমবিএফ ' লক্ষ্যমাত্রা অনুযায়ী ননট্যাক্স রেভিনিউ আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ২০ | ২৫ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| [৩] সমবায়ের প্রচার ও উন্নয়ন প্রকল্প ; | ১৪ | [৩.১] প্রকাশনা ও গবেষণা | [৩.১.১] সমবায় পত্রিকা প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪ | ৪ | ৪ | ৩ | | | | ৪ | ৪ |
| | | | [৩.১.২] গবেষণা সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ২ | ১ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [৩.২] দিবস উদযাপন | [৩.২.১] জাতীয় সমবায় দিবস উদযাপিত | তারিখ | তারিখ | ৪ | ০৫.১১.২২ | ০৪.১১.২৩ | ০৯.১১.২৪ | ১৬.১১.২৪ | | | | ০৮.১১.২৫ | ১৫.১১.২৬ |
| | | [৩.৩] পল্লী অঞ্চলে শহরের সুযোগ সুবিধা নিশ্চিতকরণ | [৩.৩.১] বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মিত | তারিখ | তারিখ | ৩ | | | ৩০.০৬.২৫ | | | | | ০ | ০ |
| | | [৩.৪] টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প গ্রহণ | [৩.৪.১] টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনার সাথে সম্পর্কিত নতুন প্রকল্প প্রস্তাব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | ৪ | ৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও স্মার্ট উদ্যোক্তা সৃজন; | ১২ | [৪.১] উদ্যোক্তা সৃজন প্রশিক্ষণ | [৪.১.১] আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন (লক্ষ) | ৫ | ০.০৩ | ০.০২২৭৫ | ০.০২৩২৫ | ০.০২ | | | | ০.০২৫ | ০.০২৬ |
| | | [৪.২] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৪.২.১] জাতীয় সমবায় পুরস্কার প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০ | ১০ | ১০ | ৯ | | | | ১০ | ১০ |
| | | [৪.৩] স্মার্ট পল্লী গঠনে পল্লীর যুবসমাজ-কে আইটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৪.৩.১] আইটি বিষয়ক প্রশিক্ষণে প্রশিক্ষিত আনুষ্ঠানিক সমবায় সমিতির সদস্য সংখ্যা | সমষ্টি | জন | ৪ | | | ৬৭৫ | ৫৭৫ | | | | ৭০০ | ৭৫০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হিসাবে নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| নিবন্ধক ও মহাপরিচালক<br>সমবায় অধিদপ্তর | ২৬।৬।২৪<br>তারিখ |
| সচিব<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ২৬।৬।২০২৪<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইজিএ | আয় বর্ধক কার্যক্রম/ উদ্যোক্তা সৃজন |
| ২ | আসই | আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট |
| ৩ | এজিএম | বার্ষিক সাধারণ সভা |
| ৪ | এনআইডি | জাতীয় পরিচয়পত্র |
| ৫ | এলজিইডি | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |
| ৬ | কার্যকর | পূর্ববর্তী বছরে লেনদেনসহ যাবতীয় কার্যক্রমে সচল থাকা সমিতি। |
| ৭ | কালব | ক্রেডিট ইউনিয়ন লিগ অব বাংলাদেশ |
| ৮ | টিসিভি | টাইম, কস্ট, ভিজিট |
| ৯ | বিআরডিবি | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড |
| ১০ | বিএসবিএল | বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ |
| ১১ | বিসিএ/বাসএ | বাংলাদেশ সমবায় একাডেমি |
| ১২ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ সমবায় সমিতি |
| ১৩ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নিবন্ধন | [১.১.১] সমবায় সমিতির নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | এমআইএস শাখা | সকল বিভাগীয় সমবায় দপ্তরসমূহের মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন এবং তৎপ্রেক্ষিতে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র। উল্লেখ্য যে, নিবন্ধনকৃত সমবায় সমিতির তালিকা জেলা ও উপজেলা সমবায় কাযালয়ে প্রস্তুত রাখা হবে ও নিবন্ধনের কাগজপত্র জেলা ও উপজেলা সমবায় কাযালয়ে যথাযথভাবে সংরক্ষণ করা হবে। |
| | [১.১.২] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | এমআইএস শাখা | সকল বিভাগীয় সমবায় দপ্তরসমূহের মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন এবং তৎপ্রেক্ষিতে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র। উল্লেখ্য যে,উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ/সভা তালিকা জেলা ও উপজেলা সমবায় কাযালয়ে প্রস্তুত রাখা হবে ও প্রশিক্ষণের কাগজপত্র জেলা ও উপজেলা সমবায় কাযালয়ে যথাযথভাবে সংরক্ষণ করা হবে। |
| [১.২] প্রকল্পের সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | [১.২.১] দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রকল্প দপ্তর | প্রকল্প পরিচালক কর্তৃক সামারী শীটসহ প্রত্যয়ন পত্র (প্রশিক্ষণ গ্রহণকারীর অফিস আদেশ, হাজিরা শীটসহ অন্যান্য দলিলাদি প্রকল্প দপ্তরে সংরক্ষিত থাকবে।) |
| [১.৩] প্রকল্প হতে ঋণ বিতরণ ও আদায় | [১.৩.১] বিতরণকৃত ঋণ গ্রহীতা | প্রকল্প দপ্তর | প্রকল্প পরিচালক কর্তৃক সামারী শীটসহ প্রত্যয়ন পত্র (ঋণ গ্রহণকারীর তালিকা ও অন্যান্য দলিলাদি প্রকল্প দপ্তরে সংরক্ষিত থাকবে।) |
| | [১.৩.২] ঋণ আদায়ের হার | প্রকল্প দপ্তর | প্রকল্প পরিচালক কর্তৃক সামারী শীটসহ প্রত্যয়ন পত্র (ঋণ আদায়কারীর তালিকা ও অন্যান্য দলিলাদি প্রকল্প দপ্তরে সংরক্ষিত থাকবে।) |
| [১.৪] তদারকি ও মানোন্নয়ন | [১.৪.১] নিরীক্ষা ফি আদায়কৃত | নিরীক্ষা শাখা | সকল বিভাগীয় সমবায় দপ্তরসমূহের মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন এবং তৎপ্রেক্ষিতে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র। উল্লেখ্য যে, সমিতি ভিত্তিক নিরীক্ষা ফি সংক্রান্ত তথ্য বিভাগ/ জেলা / উপজেলা সমবায় কাযালয়ে প্রস্তুত রাখা হবে ও নিরীক্ষা ফি সংক্রান্ত কাগজপত্র বিভাগ/ জেলা ও উপজেলা সমবায় কাযালয়ে যথাযথভাবে সংরক্ষণ করা হবে। |
| | [১.৪.২] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদিত | নিরীক্ষা শাখা | সকল বিভাগীয় সমবায় দপ্তরসমূহের মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন এবং তৎপ্রেক্ষিতে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র। উল্লেখ্য যে, নিরীক্ষাকৃত সমবায় সমিতির তালিকা প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা,বিভাগ জেলা ও উপজেলা সমবায় কার্যালয়ে প্রস্তুত রাখা হবে এবং নিরীক্ষাকৃত সমিতির অডিট নোট প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা, বিভাগীয়, জেলা ও উপজেলা সমবায় কাযালয়ে যথাযথভাবে সংরক্ষণ করা হবে। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.৪] তদারকি ও মানোন্নয়ন | [১.৪.৩] কার্যকর সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠিত/ অন্তবর্তী কমিটি গঠিত | সমিতি উইং ও এমআইএস | প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা, সকল বিভাগীয় সমবায় দপ্তরসমূহের মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন এবং তৎপ্রেক্ষিতে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র। উল্লেখ্য যে, নির্বাচন/অন্তবর্তী কমিটি গঠনকৃত সমবায় সমিতির তালিকা প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা,বিভাগ জেলা ও উপজেলা সমবায় কার্যালয়ে প্রস্তুত রাখা হবে ও নির্বাচন/অন্তবর্তী কমিটি সংক্রান্ত কাগজপত্র প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা, বিভাগীয়, জেলা ও উপজেলা সমবায় কার্যালয়ে যথাযথভাবে সংরক্ষণ করা হবে। |
| | [১.৪.৪] এজিএম সম্পন্ন না হওয়া নিরীক্ষিত সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত | সমিতি উইং ও এমআইএস | প্রধান কাযালয়ের সংশ্লিষ্ট শাখা, সকল বিভাগীয় সমবায় দপ্তরসমূহের মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন এবং তৎপ্রেক্ষিতে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র। উল্লেখ্য যে, এজিএমকৃত সমবায় সমিতির তালিকা প্রধান কাযালয়ের সংশ্লিষ্ট শাখা,বিভাগ জেলা ও উপজেলা সমবায় কাযালয়ে প্রস্তুত রাখা হবে ও এজিএম সংক্রান্ত কাগজপত্র প্রধান কাযালয়ের সংশ্লিষ্ট শাখা, বিভাগীয়, জেলা ও উপজেলা সমবায় কাযালয়ে যথাযথভাবে সংরক্ষণ করা হবে। |
| | [১.৪.৫] চিহ্নিত অকার্যকর সমিতির বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত | সমিতি উইং ও এমআইএস শাখা | প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা, সকল বিভাগীয় সমবায় দপ্তরসমূহের মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন এবং তৎপ্রেক্ষিতে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র। উল্লেখ্য যে, ব্যবস্থা গৃহীত সমবায় সমিতির তালিকা প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা,বিভাগ জেলা ও উপজেলা সমবায় কার্যালয়ে প্রস্তুত রাখা হবে। |
| [১.৫] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [১.৫.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ | ইপি শাখা | সকল বিভাগীয় সমবায় দপ্তরসমূহের মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন এবং তৎপ্রেক্ষিতে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র। উল্লেখ্য যে, ভ্রাম্যমাণ প্রশিক্ষণ সংক্রান্ত তালিকা জেলা ও উপজেলা সমবায় কার্যালয়ে প্রস্তুত রাখা হবে ও প্রশিক্ষণের কাগজপত্র জেলা ও উপজেলা সমবায় কার্যালয়ে যথাযথভাবে সংরক্ষণ করা হবে। |
| [১.৬] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পুঁজি বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান | [১.৬.১] সমবায় সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ/মহিলা) | এমআইএস শাখা | সকল বিভাগীয় সমবায় দপ্তরসমূহের মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন এবং তৎপ্রেক্ষিতে বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র। (আত্ম-কর্মসংস্থান সৃজিত ব্যক্তির মোবাইল নম্বরসহ উপজেলায় সংরক্ষণ করা হবে) |
| [১.৭] তরল দুধ সংগ্রহ | [১.৭.১] সংগৃহীত তরল দুধ | কৃষিজ শিল্প শাখা এবং মিল্ক ইউনিয়ন | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি (মিল্ক ইউনিয়ন) এর দপ্তর প্রধান কর্তৃক বিস্তারিত তথ্যসম্বলিত প্রতিবেদন দাখিল করা হবে। |
| [২.১] মানব সম্পদ উন্নয়ন | [২.১.১] কর্মকর্তা-কর্মচারিদের এপিএ/আইন ও বিধি/মামলা পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ প্রদানকৃত | এমআইএস/আইন শাখা | প্রশিক্ষণের সামারি শীটসহ প্রত্যয়ন পত্র। হাজিরা শীট ও অন্যান্য কাগজ পত্রাদি সংরক্ষিত থাকবে। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.১] মানব সম্পদ উন্নয়ন | [২.১.২] কর্মকর্তা-কর্মচারিগণের পদোন্নতি প্রদানকৃত | প্রশাসন শাখা | পদোন্নতির অফিস আদেশ |
| | [২.১.৩] প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ প্রদানকৃত | ইপিপি অধিশাখা | সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক অফিস আদেশ এবং বর্ণনাসহ স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র উল্লেখ্য যে, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা ও তার আওতাধীন ১০টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ প্রশিক্ষণের সকল কাগজপত্র সংরক্ষিত থাকবে |
| | [২.১.৪] জনবল নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষা গ্রহণকৃত ও ফলাফল প্রকাশিত | প্রশাসন শাখা | নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষা গ্রহণের আদেশ, ফলাফলসহ তথ্যসম্বলিত সামারি শীট দাখিল করা হবে। |
| | [২.১.৫] সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারি পদায়ন নীতিমালা-২০০৮ হালনাগাদকৃত | প্রশাসন শাখা | সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারি পদায়ন নীতিমালা-২০০৮ হালনাগাদপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের অগ্রায়নপত্রসহ কপি। |
| [২.২] কর্মকর্তা-কর্মচারিদের সক্ষমতা উন্নয়নে উদ্যোগ গ্রহণ | [২.২.১] ১০ম গ্রেড ও তদনিম্ন কর্মচারিদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টা প্রশিক্ষিত কর্মচারির সংখ্যা | এমআইএস/প্রশাসন শাখা | প্রশিক্ষণের আদেশ, হাজিরা, স্থিরচিত্রসহ সামারি দাখিল করা হবে। |
| | [২.২.২] নবম ও তদূর্ধ গ্রেডের কর্মচারীদের জন্য সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত লার্নিং সেশন | এমআইএস/পরিকল্পনা ও এপিএ টিম | লার্নিং সেশন আয়োজনের নোটিশ, হাজিরা শীট ও স্থিরচিত্র দাখিল করা হবে। |
| | [২.২.৩] আয়োজিত সেমিনার/কর্মশালা | বাসএ,বিভাগীয় সমবায় কার্যালয় (সকল), প্রধান কার্যালয়ের বিভিন্ন শাখা | আয়োজিত কর্মশালা/সেমিনার অফিস আদেশ, অংশগ্রহণকারীর সংখ্যা, সেমিনার/কর্মশালা আয়োজনের তারিখ সম্বলিত প্রতিবেদন (অফিস আদেশ, হাজিরা শীট, আলোচ্যসূচিসহ ডকুমেন্ট সংরক্ষণ থাকবে।) |
| [২.৩] রাজস্ব আদায় নিশ্চিতকরণ | [২.৩.১] এমবিএফ লক্ষ্যমাত্রা অনুযায়ী ননট্যাক্স রেভিনিউ আদায়কৃত | ফাইন্যান্স শাখা | রাজস্ব সংগ্রহের পরিমাণ সম্বলিত প্রতিবেদন দাখিল করা হবে। |
| [৩.১] প্রকাশনা ও গবেষণা | [৩.১.১] সমবায় পত্রিকা প্রকাশিত | পিপি শাখা | প্রকাশিত পত্রিকার কপি |
| | [৩.১.২] গবেষণা সম্পাদিত | গবেষণা শাখা ও বাসএ | গবেষণার আদেশে ও সমাপ্তির কপি |
| [৩.২] দিবস উদযাপন | [৩.২.১] জাতীয় সমবায় দিবস উদযাপিত | পিপি শাখা | দিবস উদযাপনের প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্ত এবং সিদ্ধান্তের আলোকে গৃহীত কাযক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণী দাখিল করা হবে। (প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সংরক্ষণ করা হবে) |
| [৩.৩] পল্লী অঞ্চলে শহরের সুযোগ সুবিধা নিশ্চিতকরণ | [৩.৩.১] বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মিত | প্রকল্প দপ্তর | প্রকল্পের ভৌত অগ্রগতি সম্বলিত বিস্তারিত বিবরণসহ প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র। |
| [৩.৪] টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প গ্রহণ | [৩.৪.১] টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনার সাথে সম্পর্কিত নতুন প্রকল্প প্রস্তাব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ | পরিকল্পনা শাখা | মন্ত্রণালয়ে প্রেরিত প্রকল্পের সার-সংক্ষেপসহ তালিকা দাখিল করা হবে। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৪.১] উদ্যোক্তা সৃজন প্রশিক্ষণ | [৪.১.১] আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা (পুরুষ/মহিলা) | ইপিপি অধিশাখা | তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক বর্ণনাসহ স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র উল্লেখ্য যে,বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা ও তার আওতাধীন ১০টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ প্রশিক্ষণের সকল কাগজপত্র সংরক্ষিত থাকবে। |
| [৪.২] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৪.২.১] জাতীয় সমবায় পুরস্কার প্রদানকৃত | ইপিপি অধিশাখা | সমবায় পুরস্কারের স্বাক্ষরিত নামের তালিকাসহ স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র |
| [৪.৩] স্মার্ট পল্লী গঠনে পল্লীর যুবসমাজ-কে আইটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৪.৩.১] আইটি বিষয়ক প্রশিক্ষণে প্রশিক্ষিত , আনুষ্ঠানিক সমবায় সমিতির সদস্য সংখ্যা | ইপিপি অধিশাখা | তদসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক বর্ণনাসহ স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র উল্লেখ্য যে, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা ও তার আওতাধীন ১০টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ প্রশিক্ষণের সকল কাগজপত্র সংরক্ষিত থাকবে |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| তদারকি ও মানোন্নয়ন | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদিত | স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিসমূহের নিরীক্ষা ৩১ মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সমবায় অধিদপ্তরের নিকট নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ |
| তদারকি ও মানোন্নয়ন | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদিত | কৃষি মন্ত্রণালয় | সিআইজিভুক্ত সমবায় সমিতিসমূহের নিরীক্ষা ৩১ মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সমবায় অধিদপ্তরের নিকট নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ |
| তদারকি ও মানোন্নয়ন | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদিত | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | বিআরডিবিভুক্ত সমবায় সমিতিসমূহের নিরীক্ষা ৩১ মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সমবায় অধিদপ্তরের নিকট নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ |
| তদারকি ও মানোন্নয়ন | কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদিত | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সিআইজিভুক্ত সমবায় সমিতিসমূহের নিরীক্ষা ৩১ মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সমবায় অধিদপ্তরের নিকট নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ |
| টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প গ্রহণ | টেকসই উন্নয়ন অভীষ্ট, স্মার্ট বাংলাদেশ, ডেল্টা প্লান এবং সরকারের অন্যান্য নীতি ও পরিকল্পনার সাথে সম্পর্কিত নতুন প্রকল্প প্রস্তাব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সাথে সমন্বয়ের মাধ্যমে নতুন প্রকল্প অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |

২৩/৫/২০২৪
সাইয়্যেদাতুন নেছা
যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস)
সমবায় অধিদপ্তর ঢাকা।

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ